দৈনিক সংবাদ

তারিখ ... 27 NOV 1998 ...
পৃষ্ঠা ৯ কলাম ... ৫ ......

28

## বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিটি সমীপে

আমরা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কলা বিভাগের শিক্ষার্থীবৃন্দ। বাংলাদেশের এই দ্বিতীয় বৃহত্তম বিদ্যাপীঠের সার্বিক উন্নয়নের সাথে সাথে তাল মিলিয়ে উঠতে ব্যর্থ হয়েছে কলা ভবনগুলো। ছাব্বিশ হাজার ছাত্রছাত্রীর প্রায় সিংহভাগই কলা বিভাগে অধ্যয়নরত। অথচ 'শহিদুল্লাহ ও মমতাজ উদ্দিন' হল এই দু'টি মাত্র ছাড়া আর কোন হল তাদের ভাগ্যে জোটেনি।

সকাল আটটার পর থেকেই এখানে শুরু হয় ওঠা-নামার কম্পিটিশান। ক্লাস শেষ হওয়া পর্যন্ত এতই ভিড় হয় যে, জীবনের ঝুঁকি নিয়ে চলাচল করতে হয়। ল্যাট্রিনে সিরিয়াল লেগেই থাকে। ক্লাস রুমে ছাত্র ধরে না। এক বেঞ্চে বসতে হয় পাঁচ/ছয় জন করে। একেবারেই যেন মানবেতর অবস্থা। এ থেকে কি আমরা মুক্তি পাব না? কর্তৃপক্ষের নিকট আবেদন এই যে, নতুন ভবন নির্মাণের ব্যবস্থা করা হোক।

ছাত্রছাত্রীদের পক্ষে–
সিরাজী ছানি
ইসলামিক স্টাডিজ বিভাগ
প্রথম বর্ষ
রাজশাহীবিশ্ববিদ্যালয়।